পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :vcoffice@du.ac.bd, registrar@du.ac.bd

মেমো নংঃ- ৪৬৮-৪৭৪(ক)/শা-২/প.

তারিখঃ ২০ পৌষ ১৪২৪
০৩ জানুয়ারি ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

পুন:প্রচারিত সংশোধিত অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪, শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১২-২০১৩, ২০১১-২০১২, ২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের (বিশেষ) গ্রেড উন্নয়ন পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্র. নং	পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ	ব্যাংক ড্রাফটের তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
০১	তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-	২৮/১২/২০১৭ বৃহস্পতিবার থেকে ১৩/০১/২০১৮ শনিবার	১৪/০১/২০১৮ রবিবার	১৫/০১/২০১৮ সোমবার
০২	তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৪০/-			
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স)-এর জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-			
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা	৩০০/-			
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে ক. কলেজের অংশ ১৫০/- টাকা খ. কেন্দ্রের অংশ ৩০০/- টাকা	৪৫০/-			
০৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	১২০/-			
০৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৩০০/-			
০৮	নম্বরপত্র ফি প্রতি পরীক্ষার্থীর জন্য	৪৫০/-			

০১. আবেদন ফরম সংগ্রহঃ
অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://7college.du.ac.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

০২.পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৭ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসাবে (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে সংশোধিত রেগুলেশন অনুযায়ী) পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৫ ও ২০১৪সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৭ সনের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সেরপরীক্ষা দিতে হবে না। তবে "C" বা "D" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৬ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

এছাড়া যে সকল শিক্ষার্থী ২০১০,২০১১,২০১২,২০১৩ (বিশেষ) ও ২০১৪ (বিশেষ), ২০১৫ ও ২০১৬ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রোমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৭ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাইহোক না কেন B+ এর বেশি প্রাপ্য হবে না।

২০১৬ ও ২০১৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে ২০১৭ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীকে ৮০% তত্ত্বীয় নম্বরে একই প্রশ্নের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফলাফল প্রকাশের ক্ষেত্রে ২০০৯-২০১০, ২০১০-২০১১ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর ১০০% নম্বরে Convert করে ফলাফল প্রকাশ করা হবে।

০৩.পাঠ্যসূচি ঃ

নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদি অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। এবং সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্রবাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে।

আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের জন্য করণীয় ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (নিয়মিত)রেজিস্ট্রেশনের ডাটা এক্সেল ফরমেটে কলেজ কর্তৃপক্ষকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহ করা হবে এবং অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক নির্ভূলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে নিয়মিত পরীক্ষার্থীদের ডাটার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশিণ্টষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ

২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ“DU-Affiliated Colleges” শিরোনামেহিসাব নং:-৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০৭. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

শিক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশিণ্টষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরন করতে হবে, এর এককপি নম্বরপত্র সংশিণ্টষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশিণ্টষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

০৮. প্রমোশন ঃ

ক) গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় বি.এ, বি.এস.এস, বি.বি.এ এবং বি.এস.সি এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ০৩টি তত্ত্বীয় কোর্সে নূন্যতম D গ্রেড পেতে হবে।

খ) ০১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে নূন্যপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

আপনার বিশ্বস্ত

মোঃ বাহালুল হক চৌধুরী

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd